

আফগানিস্তানে পাকিস্তানের সাম্প্রতিক হামলা সম্পর্কিত সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে
সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

14 মার্চ, 2026

আফগানিস্তানে পাকিস্তানের সাম্প্রতিক হামলার বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে
সরকারি মুখপাত্র শ্রী রণধীর জয়সওয়াল বলেন:

আফগানিস্তানের মাটিতে পাকিস্তানের বিমান হামলার কড়া নিন্দা করছে ভারত, এই ঘটনার
জেরে বেশ কয়েকজন অসামরিক নাগরিকের মৃত্যু হয়েছে এবং অসামরিক পরিকাঠামো
ধ্বংস হয়েছে। এটি পাকিস্তানি প্রতিষ্ঠানের তরফে আরও একটি আগ্রাসনমূলক পদক্ষেপ, যা
আফগানিস্তানের সার্বভৌমত্বের ধারণার প্রতি শত্রুভাবাপন্ন মনোভাবের পরিচয় দেয়। ভারত
পুনরাবৃত্তি করেছে যে, আফগানিস্তানের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতাকে সম্পূর্ণভাবে
সম্মান করা উচিত।

নয়া দিল্লি

14 মার্চ, 2026